**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
প্রকল্প পরিচালকের কার্যালয়
জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

পত্র নং-৩৩.০২.০০০০.৯৪৪.০৩.০০১.১৮- ১৭৫৫ তারিখঃ- ০২ /১২/২০২১ খ্রিঃ।

বিষয়ঃ **বর্তমান ২০২১-২০২২ অর্থ বছরে প্রকল্পভুক্ত জলাশয় পুনঃখননের নিমিত্ত স্কীম/প্রাক্কলন প্রণয়ন ও প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ এ সংক্রান্ত অত্র দপ্তরের পত্র নং-৩৩.০২.০০০০.৯৪৪.০৩.০০১.১৮-১৪৮০; তারিখঃ-৩০/০৯/২০২১খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, মৎস্য অধিদপ্তরাধীন **"জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি" শীর্ষক প্রকল্পের** অনুমোদিত ২য় সংশোধিত ডিপিপিতে আপনার জেলাধীন নতুন/পুরাতন জলাশয়ের তালিকার মধ্য থেকে ২০২১-২০২২ অর্থবছরে বাস্তবায়নের নিমিত্ত দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলীদের সহায়তায় ইতোপূর্বে প্রেরিত ছকে প্রাক্কলন প্রণয়ন পূর্বক নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য সূত্রস্থ পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়। সে প্রেক্ষিতে কিছু কিছু জেলা হতে পুনঃখননের জন্য স্কীম প্রস্তাব পাওয়া গিয়াছে। উল্লেখ্য, বর্তমান অর্থবছর প্রকল্প বাস্তবায়নের সমাপ্তি বছর।

এমতাবস্থায়, প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ অনুমোদিত সংশোধিত ডিপিপির তালিকাভুক্ত (মূল/১ম সংশোধনী/২য় সংশোধনী ডিপিপি) জলাশয়ে স্কীম/প্রাক্কলন প্রণয়ন পূর্বক অতিদ্রুত নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ পূর্বক প্রকল্পের এ বছরের এডিপি বাস্তবায়নে সহায়তা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। গত অর্থবছরে আপনার জেলা হতে প্রেরিত স্কীম, যা গত ২০২০-২০২১ অর্থবছরে অনুমোদিত না হওয়ায় বাস্তবায়ন হয় নাই, এমন স্কীম/স্কীমসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয়তা থাকলে তা নতুনভাবে প্রণয়ন পূর্বক পুনরায় বর্তমান অর্থবছরে প্রেরণ করতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

(মোঃ আলীমুজ্জামান চৌধুরী)
প্রকল্প পরিচালক
জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
ই-মেইলঃ alimuzzamanc@gmail.com
ফোনঃ-০২-৯৫৮৮৭০৮।

জেলা মৎস্য কর্মকর্তা
.......... ................................।

পত্র নং-৩৩.০২.০০০০.৯৪৪.০৩.০০১.১৮- ১৭৫৫/১(৭৫) তারিখঃ- ০২ /১২/২০২১ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপ-পরিচালক, মৎস্য অধিদপ্তর, ..................................বিভাগ .....................................।
৫. জেলা প্রশাসক, .......................................।
৬. নির্বাহী প্রকৌশলী (দায়িত্বপ্রাপ্ত), জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৭. উপজেলা নির্বাহী কর্মকর্তা, ..........................................................।
৮. সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা,.............................................................।
৯. সহকারী প্রকৌশলী/মৎস্যচাষ প্রকৌশলী, উপ-পরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর,..................................। | অতিদ্রুত স্কীম/প্রাক্কলন প্রণয়ন
১০. উপসহকারী প্রকৌশলী, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, ......................................। | পূর্বক প্রেরণের ব্যবস্থা নিন।
১১. অফিস কপি।

প্রকল্প পরিচালক
জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।